

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য বৈধ রয়েছে বোতাম লাগানোর পর এক কাপড়ে সালাত আদায় করা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصلِّي فِي الْقَمِيصِ الواحد بعد أن يَزُرَّهُ

#### আরবী

2291 \_ أخبرنا إسحاق ابن إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ مُوسَى بْنِ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي رَبِيعَةَ عَنْ سَلَمَةَ بْنِ الْأَكُوعِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَكُونُ فِي الصَّيْدِ فَأُصَلِّي وَلَيْسَ عَلَيَّ إِلَّا قَمِيصٌ واحد قال: (فازْرُرْهُ ولَوْ بِشَوْكَةٍ)

الراوي: سَلَمَة بْن الْأَكْوَعِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2291 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (643).

#### বাংলা

২২৯১. সালামা বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, নিশ্চয়ই আমি শিকারে থাকি অতঃপর আমি সালাত আদায় করি কিন্তু সে সময় আমার একটি জামা ছাড়া আর কোন কাপড় থাকে না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি একটি কাঁটা দিয়ে হলেও তার মাধ্যমে বোতাম লাগিয়ে নিবে।"[1]

### ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৬৩-৬৪; আবূ দাউদ: ৬৩২; সহীহ ইবনু খুয়াইমাহ: ৭৭৭; হাকিম: ১/২৫০; বাগাবী: ৫১৭; মুসনাদ আহমাদ: ৪/৪৯; নাসাঈ: ২/৭০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩৮০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



## রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৪৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন